দৈনিক
ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৮

# চালু হয়েছে বাউবি'র বিবিএস প্রোগ্রাম

## চলতি শিক্ষা বর্ষে ৬শ' শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ (বিবিএস) প্রোগ্রাম চলতি শিক্ষা বর্ষ হতে চালু হয়েছে। বিশ্ববিদ্যালয়ে ভিসি প্রফেসর ডঃ এম. ফরিদ আহমেদ মঙ্গলবার গাজীপুর ক্যাম্পাসে প্রোগ্রামটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ভিসি তার বক্তব্যে বলেন, বিশ্বায়নের যুগে বাণিজ্য ও বিপণন ব্যবস্থা শিক্ষা খুবই গুরুত্ব পাচ্ছে। ব্যবসা, বাণিজ্যসহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে দক্ষ জনবলের অভাব রয়েছে। বাউবি'র এ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে দেশে দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব হবে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এ কে এম রুহুল আমিন আকন্দ, প্রফেসর মুস্তাফিজুর রহমান ও ডীন ওপেন স্কুল ডঃ মোঃ আর্শেদ আলী মাতুব্বর।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতিতে ৩ বছর মেয়াদী স্নাতক পর্যায়ের ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ (বিবিএস) ব্যবসায় শিক্ষা প্রোগ্রামটি উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে। বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এ প্রোগ্রামটি, ১২টি আঞ্চলিক কেন্দ্রের অধীনে ২০টি টিউটোরিয়াল সেন্টারে ৬০০ জন শিক্ষার্থী চলতি শিক্ষা বর্ষে ভর্তি হয়েছে।